২৫

দৈনিক জনকণ্ঠ

তারিখ [illegible]
পৃষ্ঠা ... ১ কলাম ... ৪

## এইচএসসি'র ফল বিপর্যয়

# ত্রুটিপূর্ণ ফল পুনর্নিরীক্ষণের দাবিতে বোর্ড অফিসের সামনে বিক্ষোভ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** এইচএসসি পরীক্ষার ত্রুটিপূর্ণ ফলাফল পুনর্নিরীক্ষণের দাবিতে বিপুলসংখ্যক ছাত্রছাত্রী সোমবার ঢাকা বোর্ড অফিসের সামনে বিক্ষোভ প্রদর্শন করেছে। বিক্ষোভকালে ঢাকা মহানগরীর বাইরে থেকেও বিভিন্ন কলেজের ছাত্রছাত্রীরা এসে এতে যোগ দেয়। ছাত্রদের দাবি ছিল একটাই— ফলাফল পুনর্নিরীক্ষণের বোর্ড অফিসের প্রধান ফটকে এই প্রতিবেদকের সাথে আলাপকালে এসএসসিতে অত্যন্ত ভাল করা কয়েকজন ছাত্রছাত্রী কেঁদে ফেলে। তাদের ভাষ্যমতে কোন

(শেষ পৃষ্ঠা ২ কঃ দেখুন)

## এইচএসসি'র ফল

(প্রথম পাতার পর)

অবস্থাতেই তাদের ফেল করার কথা নয়। তারা জানায়, ফলাফল শীটে নাম না দেখে অনেক ছাত্রছাত্রীই ঘরবাড়ি ছেড়েছে। আত্মীয়স্বজনদের সামনে মুখ দেখাতে পারছে না। ছাত্ররা অভিযোগ করে, বোর্ড কর্তৃপক্ষ তাদের বিষয়টি আমলেই নিচ্ছে না। অধিকন্তু তাদের বিক্ষোভ দমানোর জন্য পুলিশ লেলিয়ে দিয়েছে।

বোর্ড অফিসের সামনে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত বিক্ষোভশেষে ছাত্রছাত্রীরা প্রেসক্লাবের সামনে আসে। এখানেও তারা বিক্ষোভ করে। পরবর্তীতে পুলিশের সহযোগিতায় ছাত্রদের মধ্য থেকে পাঁচ জনের একটি প্রতিনিধি দল শিক্ষা মন্ত্রণালয়ে যায়। কিন্তু শিক্ষামন্ত্রী না থাকায় তাঁর ব্যক্তিগত সচিবের কাছে স্মারকলিপি প্রদান করে।

স্মারকলিপিতে ছাত্ররা উল্লেখ করে, "বোর্ডের ঊর্ধ্বতন কয়েকজন কর্মকর্তা মৌখিকভাবে আমাদেরকে কম্পিউটার প্রোগ্রামিংয়ের ভুলের আশঙ্কার কথা জানিয়েছেন। আমরা জানতে পারি যাঁরা কম্পিউটার অপারেটিংয়ে কর্মরত আছেন তাঁরা বোর্ডেরই পূর্বের কর্মকর্তা-কর্মচারী যাদের স্বল্পকালীন প্রশিক্ষণ দিয়ে কম্পিউটার সেকশনে নিয়োজিত করা হয়েছে। স্মারকলিপিতে ছাত্ররা নিরপেক্ষ তদন্ত কমিটি গঠন করে তাদের তত্ত্বাবধানে সুষ্ঠু, সুন্দর ও ত্রুটিমুক্তরূপে পুনরায় ফলাফল প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষামন্ত্রীর প্রতি আহ্বান জানিয়েছে। ছাত্ররা জানায়, আজ মঙ্গলবার এ বিষয়ে শিক্ষামন্ত্রীর সাথে তাদের বৈঠক হবে।

এদিকে ছাত্ররা আজ মঙ্গলবার থেকে বোর্ড অফিসের সামনে লাগাতার অবস্থান ধর্মঘটের কর্মসূচী দিয়েছে। তাদের দাবি আদায় না হওয়া পর্যন্ত তারা ঘরে ফিরবে না বলে জানায়।